# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫৯]

পর্ব-১০: ইমামাত প্রসঙ্গ (كِتَابُ الْإِمَامَةِ)

পরিচ্ছেদঃ ৫৪: একাকী ফজরের সালাত আদায় করলে পুনরায় জমা'আতে আদায় করা

## إعادة الفجر مع الجماعة لمن صلى وحده

আরবী

أَخْبَرَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ، قال: حَدَّثَنَا هُشَيْمٌ، قال: حَدَّثَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ، قال: حَدَّثَنَا جَابِرُ بْنُ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ الْعَامِرِيُّ، عَنْ أَبِيهِ، قال: شَهِدْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْفَجْرِ فِي مَسْجِدِ الْخَيْفِ فَلَمَّا قَضَى صَلَاتَهُ إِذَا هُوَ بِرَجُلَيْنِ فِي آخِرِ الْقَوْمِ لَمْ يُصَلِّيَا مَعَهُ قَالَ: عَلَيَّ بِهِمَا فَأُتِيَ بِهِمَا تَرْعَدُ فَرَائِصُهُمَا فَقَالَ: مَا مَنَعَكُمَا أَنْ تُصَلِّيَا مَعَنَا قَالَا: يَا رَسُولَ اللَّهِ إِنَّا قَدْ صَلَّيْنَا فِي رِحَالِنَا قَالَ: فَلَا تَفْعَلَا إِذَا صَلَّيْتُمَا فِي رِحَالِكُمَا، ثُمَّ أَتَيْتُمَا مَسْجِدَ جَمَاعَةٍ فَصَلِّيَا مَعَهُمْ فَإِنَّهَا لَكُمَا نَافِلَةٌ .

تخريج دارالدعوه: سنن ابى داود/الصلاة ٥٧ (٥٧٥، ٥٧٦)، سنن الترمذى/الصلاة ٤٩ (٢١٩)، (تحفة الأشراف: ١١٨٢٢)، مسند احمد ٤/١٦٠، ١٦١، سنن الدارمى/الصلاة ٩٧ (١٤٠٧) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 859 ـ صحيح

বাংলা

৮৫৮. যিয়াদ ইবনু আইয়ূব (রহ.) ..... ইয়াযীদ ইবনুল আসওয়াদ আল 'আমিরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি মসজিদ খায়ফে রাসূলুল্লাহ (সা.)-এর সঙ্গে ফজরের সালাত আদায় করলাম। যখন তিনি সালাত শেষ করলেন, দেখতে পেলেন দু'জন ব্যক্তি লোকেদের পেছনে রয়েছে যারা তাঁর সাথে সালাত আদায় করেনি। তিনি বললেন, ঐ দু ব্যক্তিকে আমার কাছে নিয়ে এসো। তাদেরকে আনা হলো। ভয়ে তাদের কাঁধ ও পার্শ্বদেশ কাঁপছিল। তিনি বললেন, কি কারণে তোমরা আমাদের সঙ্গে সালাত আদায় করলে না। তারা বলল, হে আল্লাহর রসূল (সা.)! আমরা আমাদের ঘরে সালাত আদায় করেছি। তিনি বললেন, আর এমন করবে না। যখন তোমরা

তোমাদের ঘরে সালাত আদায় করে জামা’আতের মসজিদে আসবে তখন তাদের সঙ্গে সালাত আদায় করবে। আর তা তোমাদের জন্যে নফল (বলে গণ্য) হবে।

## English

54. Repeating Fajr With The Congregation For One Who Has Already Prayed On His Own

Jabir bin Yazid bin Al-Aswad Al Amir told us that his father said: I attended Fajr prayer with the Messenger of Allah (ﷺ)in Masjid Al Khaif. When he finished praying, he saw two men at the back of the people who had not prayed with him. He said: 'Bring them here.' So they were brought to him, trembling. He said: 'What kept you from praying with us? They said: '0 Messenger of Allah (ﷺ) we has already prayed in our lodgings.' He said: 'Do not do that. If you have already prayed in your lodgings, then you come to a Masjid in which there is a congregation, then pray with them, and it will be a voluntary prayer for you. '

### ফুটনোট

সহীহ: আবু দাউদ ৫৭৫, তিরমিযী ২১৯, দারিমী ১৩৬৭, সহীহ: ইবনু খুযায়মাহ ১৩২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইয়াযিদ বিন আসওয়াদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন